

বিএসএমএমইউ'র গবেষণা কেন্দ্রের গুরুত্বপূর্ণ সভা অনুষ্ঠিত  
উচ্চ মানসম্পন্ন গবেষণার প্রতি অধিক গুরুত্ব দিন: উপাচার্য অধ্যাপক ডা. কামরুল হাসান খান

বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ডা. কামরুল হাসান খান বলেছেন, রোগীসহ সাধারণ মানুষের জন্য অত্যন্ত প্রয়োজনীয় এমন উচ্চ মানসম্পন্ন গবেষণার প্রতি অধিক গুরুত্ব দিন। চিকিৎসা শিক্ষা ও চিকিৎসা সেবার সাথে সমান তালে গবেষণা কার্যক্রম আরো বৃদ্ধির মাধ্যমে গবেষণাকেও এগিয়ে নিতে হবে। দ্রুততার সাথে গবেষণা কার্যক্রম সম্পাদন করতে পারলে সর্বক্ষেত্রে সহায়তা মিলবে ও সুফল পাওয়া যাবে। বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের বর্তমান প্রশাসন চিকিৎসা সেবার মতো গবেষণাকেও সমান গুরুত্ব দিচ্ছে। গবেষণা কার্যক্রমকে উৎসাহিত করতে প্রথমবারের মতো গবেষণা দিবস পালন করা হয়েছে। নির্মিতব্য কনভেনশন সেন্টারের দু'টি ফ্লোর গবেষণা কেন্দ্রের জন্য বরাদ্দ রাখা হয়েছে। আজ বুধবার ২৭ ডিসেম্বর ২০১৭, দুপুর ১২টায় বেসিক সায়েন্স ও প্যারাক্লিনিক্যাল সায়েন্স অনুষ্ণ ভবনে বিশ্ববিদ্যালয়ের গবেষণা কেন্দ্রের এক গুরুত্বপূর্ণ সভায় সভাপতির বক্তব্যে তিনি এসব কথা বলেন। এসময় বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের সম্মানিত উপ-উপাচার্য (গবেষণা ও উন্নয়ন) অধ্যাপক ডা. মোঃ শহীদুল্লাহ সিকদার, কোষাধ্যক্ষ অধ্যাপক ডা. মোহাম্মদ আলী আসগর মোড়ল, বেসিক সায়েন্স ও প্যারাক্লিনিক্যাল সায়েন্স অনুষ্ণদের ডীন অধ্যাপক ডা. এম ইকবাল আর্সলান, রিউম্যাটোলজি বিভাগের অধ্যাপক ডা. সৈয়দ আতিকুল হক, প্যাথলজি বিভাগের অধ্যাপক ডা. মোহাম্মদ কামাল, বায়োকেমিস্ট্রি বিভাগের সহযোগী অধ্যাপক ও গবেষক ডা. শেখ মোঃ খোরশেদ আলম প্রমুখ উপস্থিত ছিলেন। আরো উপস্থিত ছিলেন ভাইরোলজি বিভাগের অধ্যাপক ডা. সাইফ উল্লাহ মুসী, ফিজিক্যাল মেডিসিনি এন্ড রিহ্যাবিলিটেশন বিভাগের অধ্যাপক ডা. এম এ শাকুর, সহকারী অধ্যাপক ডা. মশিউর রহমান খসরু, অবস এন্ড গাইনী বিভাগের সহযোগী অধ্যাপক ডা. রেজাউল করিম কাজল, ল্যাবরেটরি মেডিসিনি বিভাগের সহযোগী অধ্যাপক ডা. দেবতোষ কুমার পাল, ইন্টারনাল মেডিসিনি বিভাগের সহযোগী অধ্যাপক ডা. মোহাম্মদ তানভীর ইসলাম, বায়োকেমিস্ট্রি বিভাগের সহযোগী অধ্যাপক ডা. মোঃ মতিউর রহমান, সহযোগী অধ্যাপক ডা. সুব্রত কুমার বিশ্বাস, পাবলিক হেলথ এন্ড ইনফরমেটিক বিভাগের সহকারী অধ্যাপক ডা. ফারিহা হাসিন, সহকারী অধ্যাপক ডা. খালেকুজ্জামান (রোমেন রায়হান), এন্ডোক্রাইনোলজি বিভাগের সহকারী অধ্যাপক ডা. শাহাজাদা সেলিম, উপ-রেজিস্ট্রার ডা. শেখ আব্দুল্লাহ আল মামুন প্রমুখ।

সভায় গবেষণার জন্য বিদ্যমান সুযোগ-সুবিধার সর্বোচ্চ ব্যবহার, গবেষণা কেন্দ্রের লক্ষ্য, উদ্দেশ্য ও কার্যক্রম, গবেষণার ক্ষেত্রে সীমাবদ্ধতা, সমস্যা সমূহ ও সমাধানের উপায়, গবেষণার সুযোগ-সুবিধা বৃদ্ধিকরণ ও ফান্ড সংগ্রহ ইত্যাদি বিষয় নিয়ে বিস্তারিত আলোচনা হয়।